

## মাটির স্বাস্থ্য, মৃত্তিকা সংরক্ষণ ও সার :



### ১। কি করণীয় —

- ক) সবসময় মাটি পরীক্ষার উপর ভিত্তি করে জমিতে প্রয়োজন মতো সার ব্যবহার করুন।
- খ) মাটির স্বাস্থ্য ঠিক রাখার জন্য জৈব সার ব্যবহার করুন।
- গ) সবচেয়ে বেশী উপযোগীতা পাওয়ার জন্য গাছের গোড়ায় মাটিতে সার প্রয়োগ করুন।
- ঘ) মাটির অল্পত্ব কমানোর জন্য প্রয়োজনীয় চুন বা এবং ক্ষার যুক্ত মাটির জন্য জিপসাম ব্যবহার করুন।

- ঙ) ফসলের মূল ও কাণ্ডের বৃদ্ধি এবং পরিপক্বতার জন্য এবং বিশেষতঃ শিকড়ে গুটি তৈরী করে মাটিতে নাইট্রোজেন সরবরাহ করে এমন শস্যের জন্য সঠিক মাত্রায় পটাশিয়াম সার ব্যবহার করুন।
- চ) প্রয়োজন অনুযায়ী সঠিক মাত্রায় গাছের অনুখাদ্য ব্যবহার করুন।

### ২। কি পেতে পারেন / সুযোগ

ক্রমিক নং	অনুদানের বিবরণ	অনুদান পরিমাণ	প্রকল্প
<b>১) কেঁচো সার উৎপাদন —</b>			
ক)	পলিথিন বেড ১২ X ৪ X ২.৫ ফুট	৮,০০০ টাকা / ইউনিট	MIDH
খ)	পাকা ঘর ৩০ X ৪ X ২.৫ ফুট	৫০,০০০ টাকা / ইউনিট	„
২।	চুন সরবরাহ	১০০০ টাকা / হেক্টর	„
৩।	মৃত্তিকা পরীক্ষা	বিনামূল্যে মৃত্তিকা পরীক্ষা প্রকল্প।	
৪।	নিবিড় উদ্ভিদ খাদ্য সঞ্চালন (.০৪ হেক্টর)	১২০০ টাকা / ইউনিট	NFSM
৫।	জীবাণুসার সরবরাহ	বিনামূল্যে	NFSM
৬।	উদ্ভিদের অনুখাদ্য বিতরণ	৫০০ টাকা / হেক্টর অথবা দামের ৫০% যেটা কম	„
৭।	চুন সরবরাহ	১০০০ টাকা / হেঃ অথবা দামের ৫০% যেটা কম	„

### ৩। কোথায় পাবেন —

- ১) গ্রাম সেবক কেন্দ্র, আঞ্চলিক কৃষি আধিকারিক অফিস, মহকুমা কৃষি আধিকারিক অফিস এবং জেলা কৃষি আধিকারিক অফিস। ২) Website কৃষি বিভাগ Web link - [agritripura.govt.in](http://agritripura.govt.in) ৩) কিষান কল সেন্টার (বিনামূল্যে) ১৫৫১ ৪) জিলা ও রাজ্য মৃত্তিকা পরীক্ষা কেন্দ্র।